...সারের কার্যালয়, ফকিরহাট ...গেরহাট।
জরুরি
... নিন
তারিখ ২৯/১/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট
(রাজস্ব শাখা)
www.bagerhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.০১০০.০১৪.৫৫.০৫৮.২২- ৬৪

তারিখঃ ০২ মাঘ, ১৪৩০
১৫ জানুয়ারি, ২০২৪

## - জলমহাল ইজারা বিজ্ঞপ্তিঃ-

জেলা প্রশাসক, বাগেরহাট এর ব্যবস্থাপনাধীনে ইজারাযোগ্য ২০.০০ (বিশ) একরের উর্ধ্বের নিম্নলিখিত বদ্ধ জলমহালগুলো ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে স্থানীয়ভাবে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্ত ও সময়সূচি মোতাবেক আবেদন আহবান করা যাচ্ছে।

### জলহালের তালিকা:

| ক্র: নং | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের আয়তন | সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | মোল্লাহাট-চিতলমারী | জয়খাঁ জলমহাল | ৩৭৬.৮০ একর (কম/বেশী) | ৩,২০,০০০/- |
| ০২ | মোল্লাহাট | ওয়াবদার কাটাখাল জলমহাল | ৩৮.৭৫ একর (কম/বেশী) | ২,১০,০০০/- |
| ০৩ | মোল্লাহাট | ধবলিয়া জলমহাল | ২৬.৮১ একর (কম/বেশী) | ১১০০০/- |
| ০৪ | ফকিরহাট -মোল্লাহাট | কেন্দুয়া-২ জলমহাল | ২৬৫.৩৬ একর (কম/বেশী) | ৩,৭৫,০০০/- |
| ০৫ | বাগেরহাট সদর | রামখালী জলমহাল | ২১.১৫ একর (কম/বেশী) | ৪১,০০০/- |
| ০৬ | শরণখোলা | আমড়াগাছিয়া জলমহাল | ৩২.৯৮ একর (কম/বেশী) | ১৭০০০/- |
| ০৭ | মোল্লাহাট | কোদালিয়া জলমহাল | ৩৫.৪৬ একর (কম/বেশী) | ১৫,০০০/- |
| ০৮ | বাগেরহাট সদর | পুটিয়া জলমহাল | ৮০.৭৫ একর (কম/বেশী) | ২,৬৪,০০০/- |
| ০৯ | ফকিরহাট -বাগেরহাট | শুকদাড়া মরাগাং জলমহাল | ৩০.১৬ একর (কম/বেশী) | ১,০০,০০০/- |
| ১০ | ফকিরহাট/মোল্লাহাট | কেন্দুয়া-১, দেওয়ানী ৮০/২২নং মামলা নিস্পত্তি সাপেক্ষে | ৭৩.২০ একর (কম/বেশী) | ২,০৭,৫০০/- (দেওয়ানী ৮০/২২নং মামলা চলমান) |
| ১১ | বাগেরহাট সদর | বেগমখালী | ২৪.৭৪ একর (কম/বেশী) | ১,০৩,১২৫/- |

### দরপত্র দাখিলের সময়সূচি:

**বাগেরহাট জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একরের উর্ধ্বে বদ্ধ সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:**

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১. | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন মধ্যে | অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল |
| ০২. | ০৩ ফাল্গুন এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে বাগেরহাট জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল |
| ০৩. | ১৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই |
| ০৪. | ২৬ ফাল্গুনের মধ্যে | জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ০৫. | ১০ চৈত্রের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিভাগীয় কমিশনার কর্তৃক অনুমোদন |
| ০৬. | ১৭ চৈত্রের মধ্যে | জেলা প্রশাসক কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিত করণ |
| ০৭. | ২১ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন |
| ০৮. | ০১ বৈশাখ | ইজারাগ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

### -শর্তসমূহ-

১। উপর্যুক্ত সূচি অনুযায়ী স্থানীয়ভাবে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি-কে jm.lams.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। তবে আবেদন বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়ের এস এ শাখায় জমা দিতে হবে।

২। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি জমা দিতে হবে।

৩। আবেদন ফরম জেলা প্রশাসক, বাগেরহাট এর কার্যালয়ের এসএ শাখায় এবং জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার হতে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে।

৪। আবেদন ফরমের সাথে জেলা প্রশাসক বাগেরহাট এর অনুকূলে আবেদন ফরমে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট / পে অর্ডার আকারে জামানত হিসেবে দাখিল করতে হবে।

৫। মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তার নিকট হতে প্রত্যয়নপত্রসহ বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। উল্লেখ্য, নতুন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।

৬। আবেদন ফরম নির্ধারিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়ের এসএ শাখায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হবে।

৭। কোন মৎস্যজীবী সমিতির নিকট কোন জলমহালের ইজারা মূল্য বকেয়া থাকলে এবং উক্ত বকেয়া ইজারামূল্যের জন্য কোন আদালতে সার্টিফিকেট মামলা পেন্ডিং/চলমান থাকলে সংশ্লিষ্ট মৎস্যজীবী সমবায় সমিতির আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না।

৮। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত ইজারা দরপত্র দাতাকে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে সম্পূর্ণ ইজারার অর্থ পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৯। ইজারা গ্রহীতাকে ১ম, ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারাদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

১০। ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে এবং কেবলমাত্র ইজারা চুক্তি সম্পাদনের পরই সংশ্লিষ্ট জলমহালের দখল ইজারা গ্রহীতাকে বুঝায়ে দেয়া হবে।

১১। ইজারাদার কোন অবস্থাতেই জলমহাল বা জলমহালের কোন অংশ বিশেষ সাব লীজ প্রদান করতে পারবেন না এবং জলমহাল যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় আবেদন ফরমের উল্লেখ পূর্বক ইজারা গ্রহণ করতে হবে। আবেদন ফরম দাখিলের পূর্বেই সংশ্লিষ্ট জলমহাল সম্পর্কে সরেজমিনে প্রকৃত অবস্থা সঠিকভাবে দেখে আবেদন পত্র দাখিল করতে হবে। পরে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না, কিংবা জলমহালের বর্তমান আয়তন এবং দখলনামায় উল্লিখিত আয়তনের মধ্যে হেরফের হলেও কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১২। কোন ঘষা মাজা বা কাটাকাটি বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১৩। জলমহালের ইজারা বাংলা সনের যে কোন সময়ে চূড়ান্ত হলেও তার মেয়াদ ঐ সনের ০১(এক) বৈশাখ হতে কার্যকর হবে এবং ৩০(ত্রিশ) চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে,পরবর্তী ০১(এক) বৈশাখ থেকে নতুন বছরের কার্যক্রম শুরু হবে। ইজারাদার পূর্বের সময়ের খাস আদায়ের অর্থ দাবী করতে পারবেন না।

১৪। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন-কে দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৫। যদি ইজারা গ্রহীতা নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ প্রথম ও দ্বিতীয় বৎসর শেষ হওয়ার পূর্বেই যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় বৎসরের নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন তবে তার জন্য কোন অজুহাত বিবেচনা করা হবে না এবং তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ নতুন করে সংশ্লিষ্ট জলমহাল ইজারা প্রদান করতে পারবেন।

১৬। ইজারাদার সমিতিকে সরকারের নির্দেশনা মোতাবেক উদ্ধৃত দরের উপর ১৫% হারে ভ্যাট এবং ১০% হারে আয়কর প্রদান করতে হবে।

১৭। অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, বাগেরহাট এর এস,এ শাখা হতে বিস্তারিত তথ্যাদি জানা যাবে।

১৮। কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা এবং বাস্তবতার আলোকে প্রয়োজনে বিদ্যমান জলমহালের তফসিল হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। এ ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর সংশ্লিষ্ট ধারা/ অনুচ্ছেদসমূহ প্রযোজ্য হবে এবং বর্ণিত শর্তাবলী ছাড়াও উক্ত নীতির যে সকল ধারা/অনুচ্ছেদ যেখানে যা যথার্থ বলে বিবেচিত হবে তা প্রযোজ্য হবে। তাছাড়া সরকারী জলমহাল ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ আইন, বিধি (যদি থাকে) তা প্রযোজ্য হবে।

১৫/০১/২৪

( মোহাঃ খালিদ হোসেন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাগেরহাট।

স্মারক নং- ০৫.৪৪.০১০০.০১৪.৫৫.০৫৮.২২- ৬৪

তারিখঃ ০১ মাঘ, ১৪৩০
১৫ জানুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, বাগেরহাট-১/বাগেরহাট-২/বাগেরহাট-৩/বাগেরহাট-৪, মাননীয় উপদেষ্টা, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
০২। মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন - বাগেরহাট।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। অতিরিক্ত বিভাগীয় কমিশনার(রাজস্ব), খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক/খুলনা/যশোর/মাগুরা/সাতক্ষীরা/কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা/নড়াইল/ঝিনাইদহ।
০৬। পুলিশ সুপার, বাগেরহাট।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), বাগেরহাট।
০৮। জেলা মৎস্য কর্মকর্তা, বাগেরহাট।
০৯। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট।
১০। বিভাগীয় বন সংরক্ষক/সহকারী বন সংরক্ষক, বাগেরহাট।
১১। উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর/ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী/কচুয়া/মোড়েলগঞ্জ/ রামপাল/ মোংলা/ শরণখোলা। দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচারসহ ইউনিয়ন পরিষদসমুহে ১(এক) কপি বিজ্ঞপ্তি প্রেরণ নিশ্চিত করার জন্য দরপত্র বিজ্ঞপ্তির কপিগুলো এসাথে প্রেরণ করা হলো।
১২। সহকারী কমিশনার (ভূমি),বাগেরহাট সদর/ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী/কচুয়া/মোড়েলগঞ্জ/রামপাল/মোংলা/ শরণখোলা। তাঁর এলাকায় অবস্থিত অ-ইজারাকৃত জলমহাল ইজারা প্রদান না হওয়া পর্যন্ত খাস আদায় বজায় রাখাসহ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট খাতে জমা প্রদান পূর্বক আদায়লব্ধ অর্থের হিসাব বিবরণী প্রতি ১৫ (পনের) দিন অন্তর এ অফিসে প্রেরণ নিশ্চিত -করণসহ দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট। বিজ্ঞপ্তি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৪। জেলা তথ্য কর্মকর্তা, বাগেরহাট। দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫। জেলা সমবায় কর্মকর্তা, বাগেরহাট। তাঁর দপ্তরে নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/ সম্পাদকের বরাবরে অত্র দরপত্র বিজ্ঞপ্তির অনুলিপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
১৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, বাগেরহাট।
১৭। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বাগেরহাট। তাঁর দপ্তরে নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/ সম্পাদকের বরাবরে অত্রদরপত্র বিজ্ঞপ্তির অনুলিপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
১৮। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাগেরহাট।
১৯। জনাব ডাঃ আঃ মতিন আকন, সদস্য, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগেরহাট।
২০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা........................................................................................ইউনিয়ন ভূমি অফিস। তাকে তার এলাকাধীন সকল হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো ।
২১। সম্পাদক, দৈনিক ...........জনকণ্ঠ...........................। দরপত্র বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ১৮-০১-২০২৪ তারিখের মধ্যে স্বল্প পরিসরে প্রয়োজনীয় কলামে ভিতরের পাতায় ১ দিনের জন্য প্রকাশ পূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে পত্রিকার (০২) দুইটি কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
২২। জনাব হাসিনা রহমান, সদস্য, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগেরহাট।
২৩। জনাব রবীন্দ্রনাথ বিশ্বাস, সদস্য, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগেরহাট।
২৪। জনাব...........................................................................................................
২৫। অফিস কপি।

১৫/০১/২৪

(আফরোজ শাহীন খসরু)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাগেরহাট।